রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মার্চ ১২, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/ ১১ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৬.২৪.৫২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনা সংক্রান্ত বিষয়ের পর্যালোচনা কমিটি'** নিম্নরূপে গঠন করেছে:

২। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| ১) | ড. আসিফ নজরুল<br>মাননীয় উপদেষ্টা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়<br>এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | : | সভাপতি |
| ২) | জনাব মুহাম্মদ ফাওজুল কবির খান<br>উপদেষ্টা, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়,<br>সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং রেলপথ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৩) | জনাব ফয়েজ আহমদ তৈয়্যব<br>বিশেষ সহকারী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য |
| ৪) | ড. আহসান এইচ মনসুর<br>গভর্নর, বাংলাদেশ ব্যাংক | : | সদস্য |
| ৫) | জনাব আলী আশফাক (এফসিএ)<br>পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স | : | সদস্য |
| ৬) | জনাব মোঃ নজরুল হুদা<br>চেয়ারম্যান, রূপালী ব্যাংক পিএলসি | : | সদস্য। |

২.২। **কমিটির কর্মপরিধি :**

১) কমিটি ২০১৬ সালে কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনার তদন্ত কাজের অগ্রগতি ও এ সংক্রান্ত গৃহীত সরকারি অন্যান্য পদক্ষেপের পর্যালোচনা, এ ঘটনার দায়দায়িত্ব নির্ধারণ এবং এর পুনরাবৃত্তি রোধে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে।

২) প্রজ্ঞাপন জারির পর হতে পরবর্তী তিন মাসের মধ্যে কমিটি সুপারিশ দাখিল করবে।

২.৩। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২.৪। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

২.৫। কমিটির সভা প্রয়োজন অনুসারে অনুষ্ঠিত হবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ খালেদ রহীম)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd